

মার্চ, ২০২২

## প্রয়াস

সংখ্যা-২৫

মাল্টিজার ইন্টারন্যাশনালের সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত টেকনাফ এর হীলা ইউনিয়ন ও উখিয়ার পালংখালী ইউনিয়নের স্থানীয় জনগোষ্ঠীর জন্য সহায়তা কর্মসূচি একর্ড প্রকল্পের- মাসিকপত্র।

এক্সপোজার ভিজিট এর মাধ্যমে আয়বৃদ্ধিমূলক কাজে উৎসাহী হলেন দলের সদস্যরা



চিী' k&Pj iKij ib DcKvi i ffillit' i gta' Z' "ieibgg, Qnet igRub, yij v

ফেব্রুয়ারি, ২০২২ তারিখে কোস্ট একর্ড প্রকল্প পালংখালী এবং হীলা ইউনিয়নে ৫টি এক্সপোজার ভিজিট সম্পন্ন হয় যেখানে ১৫টি আত্মনির্ভরশীল দলের মোট ২১৭ জন সদস্য অংশগ্রহণ করেন।

পরিদর্শনকালীন সময় দলসমূহ পরিদর্শনকৃত দলের সকল উপকরণ এবং দলীয় কার্যক্রম পর্যবেক্ষণ ও পরিদর্শন করেন। পরিদর্শনের মাধ্যমে অপেক্ষাকৃত দুর্বল দল তাদের কাজের ক্ষেত্রে ভুলত্রুটি সংশোধনের উৎসাহ লাভ করে। পাশাপাশি মুক্ত আলোচনার মাধ্যমে দলীয় কাজের বিভিন্ন প্রতিবন্ধকতা, ঝুঁকি এবং উত্তোরণের উপায় সম্পর্কে ধারণা লাভ কওে দলের সদস্যরা।



দলীয় গরুর পরিচর্যা করছেন রজনীগন্ধা আত্মনির্ভরশীল দলের সদস্যরা। ছবি-রোকেয়া আক্তার।

এর আগে কোস্ট একর্ড প্রকল্প পালংখালী এবং হীলা ইউনিয়নে ৬ টি এক্সপোজার ভিজিট সম্পন্ন করেছে। মে, ২০২১ তারিখে রজনীগন্ধা আত্মনির্ভরশীল দল 'জুই' আত্মনির্ভরশীল দল পরিদর্শন করেন। এক্সপোজার ভিজিট এ অংশগ্রহণ করার পর দলের সদস্যরা উৎসাহিত হয়ে গরু পালনের মাধ্যমে তাদের দলীয় আয়বর্ধনমূলক কাজ শুরু করেন এবং ৫ হাজার টাকা লাভ করেন।

পরিবারের দায়িত্ব পালনে রাবেয়া বেগমের সাফল্য টেকনাফ উপজেলার হীলা ইউনিয়নের একটি গ্রাম মুসলিম পাড়া। এ গ্রামের একজন বাসিন্দা রাবেয়া বেগম। তাঁর নিজের একটি দোকান আছে যেখান থেকে গ্রামের মানুষ তাদের নিত্যপ্রয়োজনীয় জিনিস কিনেন। স্বামী আব্দুর রহমানের সঙ্গে তালাকের পর থেকে দুই বছর ধরে রাবিয়ার সংগ্রাম চলছে এই ক্ষুদ্র দোকান নিয়ে। কোস্ট একর্ড প্রকল্পে যুক্ত হয়ে গ্রহণ করেন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ-(কৃষি ও গবাদি প্রাণী), ক্ষুদ্রব্যবসা উন্নয়ন প্রশিক্ষণ এবং নেতৃত্ব বিষয়ক প্রশিক্ষণ।



f' iKib cii Pj bi Ki iOb i meqi telMg] yij v, Aiwei, 2021. Qne- i iing রাবিয়া বেগম জানান ১৪ বছর বয়সে তার বিয়ে হয়। বিয়ের কিছুদিন পরে তার বাবা মারা যায় এবং বিয়ের বছর খানিক পরে তার স্বামী অন্যত্র বিয়ে করে তাকে তালাক দেয়। এরপর রাবিয়া বেগম চলে আসেন মায়ের কাছে। মায়ের সংসারেও ছিল অভাব অনটন। কিছু টাকা জমিয়ে বাড়ির উঠানে একটি দোকান খোলেন রাবিয়া বেগম। পুঁজির অভাবে বিক্রি তেমন ভালো ছিল না। করোনা মহামারীর সময় কোস্ট ফাউন্ডেশন একর্ড প্রকল্প হতে দেয়া ৭৭০০ টাকা যেন তার ভাগ্যের চাকা খুলে দিলো। সেই টাকা দিয়ে তিনি দোকানের জন্য মালামাল কিনেন এবং প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞানের ভিত্তিতে সুষ্ঠু পরিচালনার মাধ্যমে দোকান পরিচালনা করেন, এতে দোকানের বিক্রি বাড়তে থাকে। রাবিয়া জানান এখন তার মাসিক আয় প্রায় ১০-১৫ হাজার টাকা।

রাবিয়া স্বপ্ন দেখেন-দোকানের পাশাপাশি গরু-ছাগল পালন ও শাকসবজি চাষ করবেন তিনি তার সংসারের অভাব দূর করার লক্ষ্যে।

### পরিশ্রমী এক নারীর নাম-কাজল আক্তার

কাজল আক্তার কোস্ট একর্ড প্রকল্পের আত্মনির্ভরশীল দলের একজন সদস্য এবং পালংখালী ইউনিয়নের বাসিন্দা। তিনি কোস্ট থেকে কৃষি কাজ ও গবাদি পশু পালনসহ পেয়েছেন দক্ষতা উন্নয়নের নানাবিধ প্রশিক্ষণ। এছাড়াও করোনা কালীন

সময়ে কোস্ট এ্যাকর্ড প্রকল্প থেকে নগদ ৭৭০০/= (সাত হাজার সাতশত ) টাকা সহায়তা পান, যার মধ্যে তিন হাজার পাঁচশত টাকা দিয়ে শাক-সবজি চাষ, ও চার হাজার টাকা দিয়ে ছাগল পালন করেন।



dmfj i tÿtZ K1R Ki t0b K1Rj Ar3vi | One-ki KZ Avj g

এই মৌসুমে কাজল আক্তার সবজি বিক্রি করে তিন হাজার টাকা আয় করেন এবং তিনি আশা করছেন আগামী মৌসুমেও তিন থেকে চার হাজার টাকা আয় করতে পারবেন। এভাবে সবজি চাষ ও ছাগল পালনের মাধ্যমে তিনি তার পরিবারের দারিদ্রতা দূর করতে চান।

### মাসভিত্তিক লক্ষ্য ও অর্জন- ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ

ক্রমিক নং	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	এক্সপোজার ভিজিট	৪	৪
২	মাসিক দলীয় সভা	৬৫	৬৫
৩	মাসিক জনসংগঠন কর্মিটির সভা	৪	৪
৪	প্রকল্পের মাসিক সমন্বয় সভা	০১	০১

### ‘আয়বৃদ্ধিমূলক কাজের মধ্যে ছাগল পালন সবচেয়ে লাভজনক’- রাজ দাস, সভাপতি, তুলসি দল।

কোস্ট ফাউন্ডেশন, এ্যাকর্ড প্রকল্পের অন্তর্গত হীলা ইউনিয়নের ০২ টি দলের মধ্যে তুলসী আত্মনির্ভরশীল দল একটি। তুলসী আত্মনির্ভরশীল দলটি জেলে পাড়ার ১৪ জন দরিদ্র নারীকে নিয়ে গঠিত হয়েছে। কোস্ট ফাউন্ডেশন, এ্যাকর্ড প্রকল্পের আর্থিক ও কারিগরি সহযোগিতায় তুলসী দলের সকল সদস্যদেরকে ১০ দিন ব্যাপি কৃষি ও প্রাণীসম্পদ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বিভিন্ন দলীয় আয়বৃদ্ধিমূলক কাজের বিষয়ে ধারণা প্রদান করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন দলীয় আয়বৃদ্ধিমূলক কাজের জন্য ব্যবসা পরিকল্পনা প্রণয়ন ও সঠিকভাবে বাস্তবায়নের জন্য দিকনির্দেশনা দেওয়া হয়েছে। এর ই ধারাবাহিকতায় কোস্ট ফাউন্ডেশন, এ্যাকর্ড প্রকল্প হতে তুলসী আত্মনির্ভরশীল দলকে দলীয় আয়বৃদ্ধিমূলক কাজের জন্য দলীয়ভাবে ৭১২০০/- টাকা প্রদান করা হয়। উক্ত টাকা হতে ২৮০০০/= টাকা দিয়ে ৫টি (১ টি বাচ্চা সহ) ছাগল ক্রয় করেন তারা।



তুলসি দলের সদস্যরা ছাগলের যত্ন নিচ্ছেন। ছবি- মিজান

বর্তমানে তুলসী আত্মনির্ভরশীল দলের ৮ টি ছাগল আছে যার আনুমানিক বাজারমূল্য ৪৮০০০-৫২০০০/= টাকা। দলের সদস্যরা ভবিষ্যতে ছাগলের খামার করতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

অধিক তথ্যের জন্য

[tumpa.coast@gmail.com](mailto:tumpa.coast@gmail.com)

[www.coastbd.net](http://www.coastbd.net)